**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/8/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# নিউ ইয়র্ক সিটি, হাডসন ভ্যালি, ও রাজধানী অঞ্চলে আবহাওয়ার সম্ভাব্য প্রভাব সম্পর্কে নিউ ইয়র্কবাসীদেরকে গভর্নর হোচুলের সতর্কীকরণ

***অরেঞ্জ, রকল্যান্ড ও সালিভান কাউন্টিতে বজ্রঝড় ও ভারী বর্ষণ সহ আকস্মিক বন্যা পর্যবেক্ষণ (ফ্ল্যাশ ফ্লাড ওয়াচ) কার্যকর রয়েছে***

***ঘূর্ণিঝড় ল্যারির কারণে ফুঁসে উঠা ঢেউ ইস্ট কোস্টে পৌঁছানোর আশংকা থাকায় উপকূলে সম্ভাব্য আঘাত হানা মোকাবেলার জন্য DEC ও স্টেট পার্কস প্রস্তুতি নিচ্ছে***

আজ বিকালের শেষভাগ থেকে শুরু করে সন্ধ্যার পুরো সময়জুড়ে নিউ ইয়র্ক সিটি, হাডসন ভ্যালি ও রাজধানী অঞ্চলে ভারী বর্ষণ সহ বজ্রঝড় হওয়ার আশংকা থাকায় গভর্নর ক্যাথি হোচুল আজ নিউ ইয়র্কবাসীদের আবহাওয়ার সম্ভাব্য প্রভাব সম্পর্কে সতর্ক থাকতে বলেছেন। এসব ঝড়ের ক্ষেত্রে প্রধান হুমকি হলো সম্প্রতি বন্যার শিকার হওয়া এলাকাগুলোতে, বিশেষ করে শহরাঞ্চলে, নিম্নভূমি ও দুর্বল ড্রেনেজ ব্যবস্থা থাকা এলাকাগুলোতে ক্ষতিকর ঝড়ো হাওয়া ও অতিরিক্ত বৃষ্টি হওয়া। এই আবহাওয়ার অবস্থা স্টেটজুড়ে পশ্চিম থেকে পূর্ব দিকে সরে যাওয়ার সময় ছোটখাট, বিচ্ছিন্ন টর্নেডোও ঘটতে পারে।

বর্তমানে বার্মুডার পূর্ব দিকে ঘুরতে থাকা ঘূর্ণিঝড় ল্যারির কারণে যুক্তরাষ্ট্রের ইস্ট কোস্ট অঞ্চলে উল্লেখযোগ্যভাবে ফুঁসে উঠা ঢেউ এই সপ্তাহের শেষের দিকে নিউ ইয়র্কের উপকূলে আঘাত হানার আশংকা থাকায় গভর্নর হোচুল স্টেট পর্যায়ের সংস্থাগুলোকে উপকূলে আঘাত হানার বিষয়টি তদারকি করা ও সে অনুযায়ী প্রস্তুতি নেয়ার জন্যেও নির্দেশনা দিয়েছেন।

"আমরা ঘূর্ণিঝড় আইডার অবশিষ্টাংশের রেখে যাওয়া বেদনাদায়ক বিধ্বংসী রূপ প্রত্যক্ষ করেছি, ও বাড়তি সতর্কতা হিসেবে আমরা এখন এই সপ্তাহের ঝড়গুলো ও নিউ ইয়র্কজুড়ে সেগুলোর কারণে হতে পারে এমন সম্ভাব্য প্রভাবসমূহের দিকে নিবিড়ভাবে লক্ষ্য রাখছি," **বলেছেন গভর্নর হোচুল।** "আমাদের দিকে এগিয়ে আসতে পারে এমন যেকোনো ঝড়ো আবহাওয়ার জন্য প্রস্তুতি নিতে ও স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের দিকে নজর রাখতে নিউ ইয়র্কবাসীদের প্রতি আমি সনির্বন্ধভাবে অনুরোধ জানাচ্ছি।"

অরেঞ্জ, রকল্যান্ড ও সালিভান কাউন্টির জন্য আজ বিকাল থেকে শেষ রাত পর্যন্ত আকস্মিক বন্যা পর্যবেক্ষণ (ফ্ল্যাশ ফ্লাড ওয়াচ) জারি করা হয়েছে। ধীর গতিতে সরতে থাকা বজ্রঝড় আজ সাদার্ন ক্যাটস্কিলস-এর কিছু অংশে সরে আসতে পারে ও ভারী বর্ষণের কারণ হতে পারে। কিছু জায়গায় অল্প সময়ের মধ্যে 1 থেকে 2 ইঞ্চি বৃষ্টিপাত হতে পারে। ভূমির সম্পৃক্ত অবস্থা ও ভারী

বর্ষণ উভয়ের সম্মিলনের ফলে দ্রুত গতির স্রোত ও হঠাৎ বন্যা দেখা দিতে পারে। আপনার এলাকার জন্য আবহাওয়া সংক্রান্ত পরামর্শ, পর্যবেক্ষণ, ও সতর্কীকরণসমূহের একটি পূর্ণাঙ্গ তালিকা পেতে, জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইট দেখুন।

জাতীয় ঘূর্ণিঝড় কেন্দ্রের (National Hurricane Center) তথ্য অনুযায়ী ল্যারি নিউ ইয়র্কে সরাসরি আঘাত হানার আশংকা নেই, তবে ঘূর্ণিঝড়ের আকারের কারণে ফুঁসে উঠা ঢেউ ইস্ট কোস্টে প্রাণঘাতি উপকূলমূখী ঢেউ ও সমুদ্রমুখী স্রোত সৃষ্টি করতে পারে। স্টেট পর্যায়ের কয়েকটি সংস্থাকে উপকূলে আঘাত হানার ঘটনাগুলো তদারকি করার জন্য গভর্নর হোচুল নির্দেশনা দিয়েছেন।

## এজেন্সির প্রস্তুতি

### হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র ঘূর্ণিঝড় আইডার বিধ্বংসী অবশিষ্টাংশের প্রতি সাড়া দেয়ার জন্য খোলা রয়েছে ও স্টেটজুড়ে আবহাওয়ার অবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। এই ডিভিশন যেকোনো প্রয়োজনীয় সাড়া দান কার্যক্রম সমন্বয় করবে এবং এই সপ্তাহব্যাপী স্থানীয়দের সাথে যোগাযোগ রক্ষা করবে।

### ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation)

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (DEC) নিউ ইয়র্কের উপকূলে সম্ভাব্য আঘাত হানার আশংকার জন্য ঝড়টির দিকে নিবিড়ভাবে লক্ষ্য রাখছে ও বর্তমানে চলমান প্রকল্পগুলোর ক্ষয়ক্ষতি ও সম্ভাব্য প্রভাব মূল্যায়নের জন্য ঝড়-পরবর্তী সময়ে উপকূলে নিরীক্ষণ কার্যক্রম পরিচালনা করবে। সেইসাথে, ঝড়ের গতিপথ বিবেচনায় DEC নির্দিষ্ট কিছু এলাকায় শেলফিস আহরণ বন্ধ করে দেয়ার প্রয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে। ঝড়ের গতিপথ পরিবর্তন হওয়ার প্রত্যাশা করা হলে বাড়তি প্রস্তুতি গ্রহণ করা হবে।

### অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of Parks, Recreation and Historic Preservation)

সৈকতগুলোতে ঝুঁকিপূর্ণ অবস্থার জন্য স্টেট পার্কের লাইফগার্ডরা নিয়মিতভাবে তদারকি করছেন। জোন্স বিচ, রবার্ট মোসেস, ও হিথার হিলস স্টেট পার্কে উপকূলমুখী উচ্চ ঢেউয়ের কারণে সাঁতার কাটা নিষিদ্ধ করা হয়েছে। সেইসাথে, স্টেট পার্কের কর্মীরা জোন্স বিচ স্টেট পার্কে ইস্ট বাথহাউজ থেকে সেন্ট্রাল মলের মধ্য দিয়ে ওয়েস্ট বাথহাউজ পর্যন্ত একটি সুরক্ষামূলক বালির দেয়াল শক্তিশালী করার পাশাপাশি জোন্স বিচ, রবার্ট মোসেস ও হিথার হিলস স্টেট পার্কে প্রয়োজন অনুযায়ী ব্যবহারের জন্য বালির ব্যাগ প্রস্তুত করছে।

ঘূর্ণিঝড় ল্যারির গতিপথ ও আঘাত হানার পূর্বাভাস সম্পর্কে আরো তথ্যের জন্য, জাতীয় ঘূর্ণিঝড় কেন্দ্রের ওয়েবসাইট এখানে দেখুন।

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথরিটি **(Metropolitan Transportation Authority)**

গ্রাহকদের জন্য নিরাপদ পরিষেবা সরবরাহ করা অব্যাহত রেখে ভারী বর্ষণের বিরুদ্ধে এর পরিবহন নেটওয়ার্ককে সুরক্ষিত রাখতে MTA সকল প্রয়োজনীয় সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করছে। ঝড়টি হাডসন ভ্যালির নিম্নাংশে আঘাত হানার পূর্বাভাস থাকায় MTA মেট্রো-নর্থ রেলরোডের দিকে নজর দিচ্ছে ও সব সময়ের মতোই এর অন্য সংস্থাগুলোর সাথে অবস্থা পর্যবেক্ষণের জন্য নিবিড়ভাবে কাজ করছে এবং পরিষেবা প্রভাবিত হলে তা মোকাবেলার উদ্দেশ্যে সতর্কতামূলক পরিকল্পনা প্রণয়নের জন্য স্থানীয় অংশীদারদের সাথে সমন্বয় করছে।

সাবওয়েতে, রক্ষণাবেক্ষণ কর্মীরা বন্যার প্রবণতা থাকা এলাকাগুলোতে ট্র্যাক ড্রেইনগুলো পরিদর্শন করবেন, এবং ট্র্যাক পাম্প ও স্টর্ম বক্সগুলো চেক ও স্টেজ করবেন। ভ্রমণের সময় বাড়তি সতর্কতা অবলম্বন করার জন্য MTA গ্রাহকদেরকে উৎসাহিত করছে। এর মধ্যে রয়েছে অতিরিক্ত ভ্রমণের সময় হাতে রাখা, প্ল্যাটফর্ম এবং সিঁড়িতে হাঁটার সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করা, পিচ্ছিল পরিস্থিতির দিকে নজর রাখা এবং মাথার ওপরের গাছপালা বা তারের জন্য সচেতন থাকা।

## নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ

বন্দর কর্তৃপক্ষ তার সমস্ত ফেসিলীটিগুলি জুড়ে আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। সংস্থাটি ভ্রমণ সংক্রান্ত অ্যালার্ট ও আপডেট প্রয়োজন অনুযায়ী নিয়মিতভাবে প্রকাশ করবে। বন্দর কর্তৃপক্ষের (Port Authority) বিমানবন্দরগুলো ব্যবহারকারী ভ্রমণকারীদের তীব্র বিরূপ আবহাওয়ার ক্ষেত্রে তাদের ফ্লাইটের অবস্থা সম্পর্কে জানতে তাদের ক্যারিয়ারের কাছে আগে থেকে ফোন করার জন্য বলা হয়েছে। সমস্ত পোর্ট অথরিটির ফেসিলীটি সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া দেখুন, PA সতর্কতার জন্য সাইন আপ করুন বা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন।

## তীব্র বিরূপ আবহাওয়ায় নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

তীব্র বিরূপ আবহাওয়ার জন্য প্রস্তুতি নিন:

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়া সতর্কতা একটি কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- 'পরিবারসহ পলায়নের' একটি পরিকল্পনা প্রস্তুত এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে দেখা করার একটি নির্দিষ্ট স্থান চিহ্নিত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।

- কৌটাজাত খাবার, ঔষধ এবং প্রাথমিক চিকিৎসার সামগ্রী ও পানীয় জলের জরুরি সরবরাহ জমা করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণীর নিয়ে কী করবেন তা পরিকল্পনা করুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্নার সরঞ্জাম রাখুন।
- আপনার গাড়িতে পর্যাপ্ত জ্বালানি ভরে রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলির একটি ছোট কিট আপনার গাড়ির ট্রাঙ্কে রাখুন।

দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:

- টর্চলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
- জরুরি খাদ্য এবং জল
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অত্যাবশ্যক ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, এটিএম কার্ড

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ ওয়েবপেইজ www.dhses.ny.gov/oem/safety-info/index.cfm দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন